

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
ও  
রিটার্নিং অফিসারের কার্যালয়  
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩  
উপজেলা কমান্ড, রূপসা, খুলনা  
[www.rupsha.khulna.gov.bd](http://www.rupsha.khulna.gov.bd)

নং- ০৫.৪৪.৪৭৭৫.০০০.০৪.০৩২.২৩.১৭৫

তারিখ: ১৬-০৩-২০২৩ খ্রি.

গণ-বিজ্ঞপ্তি

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের গঠনতন্ত্র ২০১০ এর ধারা ১৫ এবং ১৮ অনুযায়ী আমি কোহিনুর জাহান, উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনা ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাইতেছি যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৪/০৩/২০২৩ তারিখ গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষনা করিয়াছে :

ক) ভোটার তালিকা প্রকাশ :

ক্রমিক নং	বিবরণ	:	সময়কাল
০১	খসড়া ভোটার তালিকা প্রকাশ	:	১৯/০৩/২০২৩ (রবিবার)
০২	খসড়া ভোটার তালিকার উপর দাবি, আপত্তি ও সংশোধনী গ্রহণের শেষে তারিখ	:	২২/০৩/২০২৩ (বুধবার)
০৩	দাবি, আপত্তি ও সংশোধনী নিষ্পত্তির তারিখ	:	২৮/০৩/২০২৩ (মঙ্গলবার)
০৪	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	:	০২/০৪/২০২৩ (রবিবার)

খ) নির্বাচনী তফসিল :

১	মনোনয়নপত্র দাখিলের তারিখ	:	০৫/০৪/২০২৩ (বুধবার)
২	মনোনয়নপত্র বাছাই	:	০৯/০৪/২০২৩ (রবিবার)
৩	প্রার্থিতা বাতিলের আদেশের বিরুদ্ধে আপিলের তারিখ	:	১১/০৪/২০২৩ (মঙ্গলবার)
৪	আপিল নিষ্পত্তির তারিখ	:	১৩/০৪/২০২৩ (বৃহস্পতিবার)
৫	মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ তারিখ	:	১৬/০৪/২০২৩ (রবিবার)
৬	চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ	:	১৭/০৪/২০২৩ (সোমবার)
৭	প্রতীক/ব্যালট নম্বর প্রদানের তারিখ	:	১৮/০৪/২০২৩ (মঙ্গলবার)
৮	ভোট গ্রহণের তারিখ	:	১৩/০৫/২০২৩ (শনিবার)

ভোট গ্রহণ সময়সীমা : বিরতিহীনভাবে সকাল ০৯:০০ টা হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত ব্যালট পেপারের মাধ্যমে

২। নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাইতেছি যে, আগামী ১৩/০৫/২০২৩ তারিখ সকাল ৯.০০ ঘটিকা হইতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত নির্বাচনী এলাকা হইতে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনে অংশ গ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে আমার কার্যালয় (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রূপসা, খুলনা) এ এবং রিটার্নিং অফিসারের কার্যালয় (জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা) এ মনোনয়নপত্র গৃহীত হইবে।

৩। উল্লিখিত নির্বাচন ব্যালট পেপারের মাধ্যমে অনুষ্ঠিত হইবে।

তারিখ : ১ ৬ দিন ০ ৩ মাস ২ ০ ২ ৩ বৎসর

কোহিনুর জাহান

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন

২০২২-২৩

উপজেলা কমান্ড, রূপসা, খুলনা

নির্বাচনী এলাকার নাম : খুলনা জেলা, রূপসা উপজেলা